

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখঃ ১৬ এপ্রিল ২০১৯ খৃস্টাব্দ।

প্রতিঃ নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতেঃ নির্বাহী পরিচালক

বিষয়ঃ সংস্থার কর্মীদের জন্য মোবাইল টকটাইম এবং ইন্টারনেট (মোবাইল ও ব্রডব্যান্ড) সহায়তা প্রদান নীতিমালা।

প্রিয় সহকর্মী,

আপনাদের সদয় অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, কর্মীদের জন্য মোবাইল টকটাইম এবং ইন্টারনেট সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে যা নিম্নে উপস্থাপন করা হলো।

১। কর্মীর পদবী অনুযায়ী সর্বোচ্চ বরাদ্দ নীচের ছকে উল্লেখ করা হলো। তবে কর্মীর মোবাইল টকটাইম এবং ইন্টারনেট ব্যবহারের প্রয়োজনীয়তা অনুযায়ী আইটি বিভাগের সুপারিশ সাপেক্ষে তার সুপারভাইজার বরাদ্দের পরিমাণ নির্ধারণ করে দিবেন এবং তা কোনভাবেই সর্বোচ্চ বরাদ্দের বাইরে হবে না।

ক্রম	পদবী	মোবাইল টকটাইম	মোবাইল ইন্টারনেট	ব্রডব্যান্ড ইন্টারনেট
০১	ঋণ ও উন্নয়ন কর্মকর্তার থেকে শাখা ব্যবস্থাপক	৫০০.০০	৫০০.০০	প্রয়োজ্য নহে
০২	এলাকা ব্যবস্থাপক থেকে উর্ধ্বতন সমন্বয়কারী	২,০০০.০০	৭০০.০০	১,০০০.০০
০৩	প্রধান থেকে উপ-পরিচালক	৩,৫০০.০০	১,০০০.০০	১,৫০০.০০
০৪	পরিচালক থেকে নির্বাহী পরিচালক	৭,০০০.০০	২,০০০.০০	৩,০০০.০০

২। ব্রডব্যান্ড ইন্টারনেটের সহায়তা পেতে অবশ্যই প্রতি মাসের ইন্টারনেট বিলের মূল কপি কর্মীর সংশ্লিষ্ট অফিসে জমা দিতে হবে।


৩। অফিসসমূহের ব্রডব্যান্ড সংযোগ প্রয়োজন ও পরিস্থিতি বিবেচনায় আলাদা অনুমোদন নিতে হবে।

৪। কর্মীদের ব্রডব্যান্ড সংযোগ ফি লিখিত অনুমতি সাপেক্ষে প্রদান করা হবে এবং তা সর্বোচ্চ ২,০০০.০০ টাকা।

৫। তবে প্রকল্পের ক্ষেত্রে অনুমোদিত বাজেটের ভিত্তিতে এবং প্রকল্প সমন্বয়কারীর আবেদনের প্রেক্ষিতে কর্মীর মোবাইল টকটাইম ও ইন্টারনেটের বরাদ্দ নির্ধারণ করা হবে।

৬। এই নীতিমালাটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং যদি কারো দ্বিমত বা পরামর্শ থাকে তবে নিম্নস্বাক্ষরকারীর সাথে আগামী ২৯ এপ্রিল, ২০১৯ তারিখের মধ্যে সরাসরি যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ,



রেজাউল করিম চৌধুরী

Rezau Karim Chowdhury
Executive Director
COAST Trust

অনুলিপিঃ

পরিচালক

সকল উপ ও সহকারী পরিচালক

অফিস কপি

